## পদের উদ্দেশ্য

মানসম্মত ও নিরাপদ মাতৃত্ব, নবজাতক, প্রজনন, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য, পুষ্টি এবং পরিবার পরিকল্পনা বিষয়ক সেবা ও পরামর্শ প্রদান।

## প্রাতিষ্ঠানিক সম্পর্ক

### ক) জবাবদিহিতা-

১। প্রশাসনিক ক্ষেত্রে- হাসপাতাল তত্ত্বাবধায়ক/সহকারী পরিচালক উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

২। কার্যনির্বাহের ক্ষেত্রে- কনসাল্‌টেন্ট গাইনী এন্ড অবস্, কনসাল্‌টেন্ট শিশু, আবাসিক মেডিকেল অফিসার, মেডিকেল অফিসার, সেবা তত্ত্বাবধায়ক/উপ-সেবা তত্ত্বাবধায়ক, ডিস্ট্রিক্ট পাবলিক হেলথ নার্স, নার্সিং সুপারভাইজার।

### খ) তত্ত্বাবধায়নাধীন কর্মচারী-

হাসপাতালে কর্মরত সংশ্লিষ্ট বিভাগের অফিস সহায়ক ও পরিচ্ছন্নতা কর্মী।

### গ) ছুটি বিকল্প-

মিডওয়াইফ/সিনিয়র ষ্টাফ নার্স/উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত।

## মূল দায়িত্ব

১. হাসপাতালের বহিঃ বিভাগে গর্ভপূর্ব, গর্ভকালীন ও প্রসব পরবর্তী সেবা এবং নবজাতক, প্রজনন ও বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্যসেবা প্রদান করা।

২. হাসপাতালের অন্তঃ বিভাগে সাধারণ জরুরী প্রসূতি সেবাসহ নিরাপদ ও স্বাভাবিক প্রসব দায়িত্বপূর্ণভাবে সম্পাদন করা।

৩. ঝুঁকিপূর্ণ গর্ভ ও প্রসব চিহ্নিত করে যথাস্থানে রেফার করা।

৪.আদর্শ মান অনুযায়ী মা ও নবজাতকের স্বাস্থ্য সেবা (অত্যাবশ্যকীয়) প্রদানসহ চিকিৎসা সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়ন করা।

৫. পরিবার পরিকল্পনা সেবা ও পরামর্শ প্রদান করা।

৬. সেবা গ্রহিতা ও পরিবারের সাথে সন্তুষ্টপূর্ণ ও আস্থাশীল সম্পর্ক স্থাপন করা।

৭. অনুমোদিত ঔষধের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা।

৮. সংশ্লিষ্ট বিভাগের প্রয়োজনীয় ঔষধপত্র, সরঞ্জামাদি এবং যন্ত্রপাতির ব্যবহার ও রক্ষনাবেক্ষন নিশ্চিত করা সহ স্টক লেজার হালনাগাদ রাখা।

৯. মানসম্মত প্রসূতি ও নবজাতক সেবা প্রদান সম্পর্কিত সকল তথ্যাদি লিপিবদ্ধ ও সংরক্ষণের ব্যবস্থা নিশ্চিত করা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা।

১০. হাসপাতালের সংশ্লিষ্ট বিভাগে মানসম্মত বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতাসহ রোগ সংক্রমন প্রতিরোধ ব্যবস্থাপনা নিশ্চিত করা।

১১. নবদম্পতি, প্রসূতি (গর্ভপূর্ব, গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসবপরবর্তী)-কে যৌনরোগ বাল্য বিবাহের অপকারিতা, প্রজনন ও বয়ঃ সন্ধিকালীন স্বাস্থ্য, মাতৃদুগ্ধ, পরিবার পরিকল্পনা, মাসিক নিয়মিত করণ, গর্ভপাত পরবর্তী সেবা, লিঙ্গ বৈষম্য এবং নারীর বিরুদ্ধে সহিংসতা সম্পর্কে স্বাস্থ্য শিক্ষা প্রদান করা।

১২. হাসপাতালের বহিঃবিভাগ ও অন্তঃ বিভাগে সকল সেবা প্রদানকারীর সাথে সমন্বয় পূর্বক নির্ধারিত কর্ম সম্পাদন করা।

১৩. উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

UNFPA UKaid Sweden Canada



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মিডওয়াইফ পদের কার্যপরিধি

(জেলা হাসপাতাল, উপজেলা হেল্‌থ কমপ্লেক্স ও তদনিম্ন পর্যায়ের জন্য)

**নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর**

**মহাখালী, ঢাকা-১২১২**